গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, সিরাজগঞ্জ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
www.dnc.sirajganj.gov.bd

স্মারক নং-৫৮.০২.৮৮০০.১৫২.১৪(১২).০২৭.১৫- ২৪১ তারিখ : ২১/০৭/২০২৬ ইং

বিষয়: মাদকবিরোধী কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের স্মারক নং ৪৪.০৪.০০০০.০০৭.০৮.০০১.১৫-৩৭৭, তারিখ: ১৪/০৭/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন পর্যায়ে ও বিভিন্ন সময়ে সিরাজগঞ্জ জেলার ৬২২টি শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠন করা হয়েছিল। বর্তমান সরকারের নির্দেশনা অনুযায়ী জেলা, উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত শিক্ষকমণ্ডলী, ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সমন্বয়ে মাদকবিরোধী কমিটিসমূহ গঠন/পুনর্গঠনের কার্যক্রম শুরু হয়েছে।

মাদকবিরোধী কমিটি গঠন/পুনর্গঠন সংক্রান্ত: কমিটি কমপক্ষে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট হবে।

ক্রমিক নং	নাম, পদবী ও মোবাইল নম্বর	কমিটির পদবী	মন্তব্য
১.	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান	সভাপতি	০১ জন
২.	শিক্ষক প্রতিনিধি	সদস্য	এক বা একাধিক
৩.	অভিভাবক প্রতিনিধি	সদস্য	এক বা একাধিক
৪.	ছাত্র প্রতিনিধি	সদস্য	এক বা একাধিক
৫.	ক্রীড়া শিক্ষক/সাংস্কৃতিক প্রশিক্ষক/শিক্ষক	সদস্য সচিব	০১ জন

কমিটির কার্যক্রমসমূহ:

- ✓ শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের নিয়ে মাদকের কুফল সম্পর্কে প্রতি মাসে সভাবিনিময় সভা করা
- ✓ ছাত্র-ছাত্রীদের মাদকদ্রব্যের অপব্যবহার ও কুফল সম্পর্কে অবহিত করা
- ✓ শিক্ষার্থীরা যাতে মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদের সাথে জড়িয়ে না পড়ে এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখা
- ✓ শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সকল প্রকার কর্মকাণ্ডে ও গণসচেতনতামূলক কার্যক্রম আয়োজনে অধিদপ্তরকে সহযোগিতা করা।

শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি:

১। শিক্ষা প্রতিষ্ঠানের নাম:
২। কমিটির নাম:
৩। প্রতিষ্ঠানের ঠিকানা: গ্রাম:----------, ডাকঘর:----------, ইউনিয়ন: ----------
উপজেলা:----------, জেলা: ----------।
৪। কমিটি গঠনের তারিখ:
৫। কমিটি আপডেট হলে তারিখ:
৬। কমিটির সভাপতির নাম, মোবাইল নম্বর ও ইমেইল (যদি থাকে):
৭। কমিটির সদস্য সচিবের নাম, মোবাইল নম্বর ও ইমেইল (যদি থাকে):
৮। কমিটির কার্যক্রমসমূহ:
৯। কমিটির সর্বশেষ গৃহিত কার্যক্রমসমূহ:
১০। কমিটির পরবর্তী কর্ম পরিকল্পনা:

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর, সীল
ও মোবাইল নম্বর

এমতাবস্থায়, আপনার কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাদকবিরোধী কমিটি গঠন/পুনর্গঠন পূর্বক গঠিত কমিটির তথ্য আগামী ০৪/০৮/২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২১/০৭/২০২৬
(মোঃ নজরুল ইসলাম)
সহকারী পরিচালক
ফোন: ০২৫৮৮৮৩০০২৫
Email: sirajganjdnc@gmail.com

জেলা শিক্ষা অফিসার
সিরাজগঞ্জ।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
২। উপজেলা শিক্ষা অফিসার,.....।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ
Email:-deosirajganj2021@gmail.com
Web:-deo.sirajganj.gov.bd

স্মারক নং-জেশিঅ/সিরাজ/২০২৬/৮৯২ তারিখ: ২৩/০৭/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১।১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)..... উপজেলা:..... জেলা: সিরাজগঞ্জ। [বর্ণিত পত্রের মর্মানুযায়ী তাঁর নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাদকবিরোধী কমিটি গঠন/পুর্ণগঠন পূর্বক গঠিত কমিটির তথ্য আগামী ৩০/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দাপ্তরিক মেইল deosirajganj2021@gmail.com ঠিকানায় প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]

১০। সংরক্ষণ নথি।

২৩/০৭/২০২৬
(খন্দকার মো: আব্দুল্যাহ আল মামুন)
জেলা শিক্ষা অফিসার(অতি: দা:)
সিরাজগঞ্জ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
শাহজাদপুর, সিরাজগঞ্জ।
Email:-useo_sha@yahoo.com
Web:- seo.shahjadpur.sirajganj.gov.bd

স্মারক নং:৩৭.০২.৮৮৬৭.০০০.৯৯.০২৫.২০২৬-১০৮ তারিখ: ২৯/০৭/২০২৬ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। প্রধান শিক্ষক/সুপার (সকল) শাহজাদপুর, সিরাজগঞ্জ (বর্ণিত পত্রের মর্মানুযায়ী জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ মহোদয় কর্তৃক সবরাবহকৃত ছক মোতাবেক মাদকবিরোধী কমিটি গঠনপূর্বক আগামী ০৩/০৮/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে useo_sha@yahoo.com মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০২। সংরক্ষণ নথি।

২৯/০৭/২০২৬
(মো: সাইদুল ইসলাম শেখ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

CamScanner